16

তারিখ 24 NOV 1984
পৃষ্ঠা ৫ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

## শিক্ষাঙ্গন

### কোন্‌টি সত্য

উচ্চ মাধ্যমিক শ্রেণীর বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য প্রণীত, অধ্যাপক গাজী এস, এম, আজমল, অমল কৃষ্ণ বণিক, এ, এন, রাশেদা এবং গাজী এস, এম, ত সমত লিখিত "উচ্চ মাধ্যমিক বিজ্ঞান 'প্রথম খণ্ড" বইয়ের ২০৭ পৃষ্ঠার ২তম লাইনে লেখা আছে (Spirogyra-এর বৈশিষ্ট্যের (ক্ষেত্রে): "জীবনচক্রে সুস্পষ্ট জনুঃক্রম দেখা যায়।" কিন্তু ডঃ মুহম্মদ আবুল হাসান প্রণীত "উচ্চ মাধ্যমিক উদ্ভিদ বিজ্ঞান বইয়ের ৩৯৪ পৃষ্ঠার শেষ লাইনে লেখা আছে (Spirogyra-এর ক্ষেত্রে): "সুস্পষ্ট জনুঃক্রম নেই, কারণ (Spirogyra তে স্পোরফাইট কোন স্বতন্ত্র উদ্ভিদ নহে।" আমি একজন শিক্ষার্থী হিসাবে উপরোক্ত তথ্যদ্বয়ের মধ্যে কোন্‌টি সত্য বলে ধরে নিব, কর্তৃপক্ষ ভেবে দেখবেন কি?

—মোঃ লাইচুর রহমান,
বিশ্বাস বেতকা (সুপারী বাগান),
টাংগাইল-১৯০০।